ফাতওয়া নাম্বার:২৫৪ প্রকাশকালঃ২৭-০৫-২০২২ ইং

হক্কানি আলেম-ওলামাকে গালিগালাজ করলে কি স্ত্রী তালাক হয়ে যায়?

প্রশ্ন:

হক্কানি আলেম-ওলামাকে গালিগালাজ করলে কি স্ত্রী তালাক হয়ে যায়?

প্রশ্নকারী- আব্দুল্লাহ

উত্তর:

ইলম আল্লাহ তাআলার সিফাত। তিনি তাঁর পছন্দনীয় বান্দাদেরকেই ইলম দিয়ে থাকেন। আল্লাহ তাআলা যাদেরকে ইলম দেন, তারা নবীর ওয়ারিস এবং আল্লাহ তাআলার দ্বীন-শরীয়তের ধারক-বাহক। এ ধরনের হক্কানি আলেম-ওলামাকে গালিগালাজ করা শক্ত গুনাহ এবং তাতে ঈমানহারা হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। বিনা কারণে শুধু ইলমে দ্বীন ও শরীয়তের বিধি বিধান ধারণ ও প্রচারের কারণে কেউ আলেম-ওলামাকে গালিগালাজ করলে কাফের ও মুরতাদ হয়ে যাবে এবং তার স্ত্রীর সাথে বিবাহ বিচ্ছেদ হয়ে যাবে। অবশ্য ব্যক্তিগত শত্রুতা বা দুনিয়াবি কোন কারণে আলেম-ওলামাকে গালমন্দ করলে মুরতাদ হবে না, স্ত্রীও বিচ্ছিন্ন হবে না। তবে এ ধরনের কাজ ফাসেকি এবং শক্ত গুনাহ। কেউ করে থাকলে তার তাওবা করে সংশোধন হওয়া জরুরি।

আলবাহরুর রায়িক: ৫/১৩২; ফাতাওয়া হিন্দিয়া: ২/২৭০; ইমদাদুল ফাতাওয়া (জাদিদ): ১১/৫৯৩; ফাতাওয়া উসমানি: ১/৭৬

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৫-১০-১৪৪৩ হি.

০৭-০৫-২০২২ ঈ.